

**১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি বিজ্ঞপ্তি (বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা)**

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, কোটার মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুসারে সম্পন্ন করা হবে। মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে চূড়ান্ত ভর্তি ফরম ডাউনলোডপূর্বক এককপি ফটোকপিসহ নিম্নলিখিত কাগজপত্রাদি স্ব-স্ব বিভাগে জমা পূর্বক ভর্তি ফি'র রশিদ সংগ্রহ করে রূপালী ব্যাংক পটিয়া শাখায় (কলেজের গেইটের সামনে) জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল।

আরো উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ৪৮৫/- মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে জমা দিয়ে জমা শ্রিপ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ৪৮৫/- টাকা রেজিস্ট্রেশন ফি Rocket Apps এর মাধ্যমে প্রদানের নিয়মঃ

Step-1: শিক্ষার্থী / এজেন্ট এর মাধ্যমে Rocket Apps এ প্রবেশ করবে।

Step-2: Bill pay অপশনে ক্লিক করবে।

Step-3: Search Biller এ কলেজ আই ডি 3347 লিখে কলেজ সিলেক্ট করবে।

Step-4: Bill Number এর জায়গায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ভর্তি ফরমের ৭ ডিজিটের Admission Roll No হাইপেন দিয়ে HSC Roll No লিখবে, যেমন-111111-22222। (এই ক্ষেত্রে কোন ভট অথবা স্পেস দেয়া যাবে না)।

Amount এর জায়গায় ৪৮৫/- টাকা লিখে Submit করবে।

Step-5: Rocket PIN Number দিয়ে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

(বিঃদ্রঃ: ফি প্রদান সম্পন্ন হওয়ার সাথে সাথে Rocket Apps এ প্রাপ্ত Receipt টি প্রিন্ট করে ভর্তি ফরমের সাথে কলেজে জমা দিতে হবে)

অনার্স বিষয়সমূহ	তারিখ ও সময়	টাকার পরিমাণ
বাংলা, ইংরেজি, হিসাববিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান, ই.ইতিহাস ও সংস্কৃতি, দর্শন	০৭/০৮/২০২২খ্রি: সকাল ১০টা থেকে দুপুর ১টা	৩৯৯৮/- (রেজি: ফি ৪৮৫/- বাদে)
গণিত, রসায়ন ও পদার্থবিজ্ঞান		৪০৯৮/- (রেজি: ফি ৪৮৫/- বাদে)

চূড়ান্ত ভর্তি ফরম ও তার ফটোকপির সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:-

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি ৪৮৫/- মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে জমা দেয়ার শ্রিপ।
- ২। এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র, মূল সনদপত্র
- ৩। এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র, মূল সনদপত্র
- ৪। পাঠ বিরতী সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৫। এসএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও সনদপত্রের ফটোকপিসহ
- ৬। এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও সনদপত্রের ফটোকপিসহ
- ৭। পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৪টি ও স্ট্যাম্প সাইজের রঙিন ছবি- ২টি
- ৮। মূল কাগজপত্র সংরক্ষনের জন্য বড় খাম- ১টি
- ৯। অনার্স ১মবর্ষ(স্নাতক) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।
- ১০। কোটার সমর্থনে মূল সনদপত্র প্রদর্শনপূর্বক সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি-২টি

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। বিষয় পরিবর্তনের ফরম জমার ক্ষেত্রে কোন ফি প্রদান করতে হবে না। শুধুমাত্র বিষয় পরিবর্তনের ক্ষেত্রে অনলাইন থেকে ডাউনলোডকৃত ফরম এবং পূর্বের ফি প্রদান রশিদের মূলকপি ও ফটোকপি পরিবর্তনকৃত স্ব-স্ব বিভাগে জমা দিয়ে নতুন বিষয়ের পরিবর্তিত শ্রেণী রোল সংগ্রহ করে ভর্তি সম্পন্ন করতে হবে।

বিঃ দ্রঃ- নির্ধারিত তারিখ ও সময়ে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল হয়ে যাবে এবং তার স্থলে পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নতুন শিক্ষার্থী মনোনয়ন দেয়া হবে।

অধ্যক্ষ
০৭.০৭.২০২২

পটিয়া সরকারী কলেজ
পটিয়া, চট্টগ্রাম।

আস্থায়ক
০৪.০৮.২২

১মবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা কমিটি-২২
পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।

বিতরণঃ-

১-১১। বিভাগীয় প্রধান-হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/গণিত/ রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/দর্শন/ই.ইতিহাস/ইংরেজি/বাংলা/পদার্থ/রসায়ন

১২। হিসাব শাখা, অত্র কলেজ

১৩। অধ্যক্ষের কার্যালয়, পটিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম।